দৈনিক বাংলা

019

তারিখ ... 15·4·78 ... ...
পৃষ্ঠা ... ... 1 ... কলাম ... 2 ... ...

# ৪টি জেলায় বাংলা একাডেমীর শাখা হবে

(স্টাফ রিপোর্টার)

বাংলা একাডেমী দেশের আরো চারটি জেলায় শাখা স্থাপনের উদ্যোগ নিয়েছে। চট্টগ্রাম, খুলনা, রাজশাহীতে এসব শাখা স্থাপন করা হবে। চতুর্থ স্থানটি এখনো নির্বাচিত হয়নি। তা সিলেট কিংবা বরিশাল হতে পারে। বাংলা একাডেমী সূত্রে এ খবর জানা গেছে।

উল্লেখ্য, ১৯৭২ সনে জাতীয় সংসদে যে বাংলা একাডেমী অধ্যাদেশ গৃহীত হয়েছিল তাতে বিভিন্ন জেলায় বাংলা একাডেমীর শাখা স্থাপনের কথা উল্লিখিত ছিল।

প্রথম পর্যায়ে বাংলা একাডেমীর এসব শাখা শুধু 'বিক্রয় কেন্দ্র'

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## চারটি জেলায়

(১-এর পৃঃ পর)

হিসেবে কাজ করবে। তবে পরবর্তীকালে আস্তে আস্তে এসব শাখা বাংলা একাডেমীর পূর্ণাঙ্গ শাখা হিসেবে কাজ করবে বলে জানা গেছে। এসব জেলা শাখায় নতুন কোন অফিসার বা কর্মচারী নেয়া হবে না। বর্তমানে বাংলা একাডেমীর (ঢাকা) অতিরিক্ত অফিসার ও কর্মচারীদের মধ্য থেকে বিভিন্ন শাখায় দায়িত্ব দিয়ে পাঠানো হবে।

উল্লেখ করা যেতে পারে, কিছুদিন আগে অনুষ্ঠিত বাংলা একাডেমীর কাউন্সিল অধিবেশনে একাডেমীর কাজকর্ম বিকেন্দ্রীকরণ করার উপর সাধারণ সদস্যরা জোরালো দাবী উত্থাপন করেন।